সংবাদ

তারিখ 6 APR 2013
পৃষ্ঠা ... কলাম ...

# জোলির অনুদানে মালালার শিক্ষা তহবিলের যাত্রা

সংবাদ ডেস্ক

হলিউড অভিনেত্রী ও জাতিসংঘের বিশেষ স্বেচ্ছা দূত অ্যাঞ্জেলিনা জোলির অনুদানের মধ্য দিয়ে যাত্রা শুরু করলো পাকিস্তানের মানবাধিকার কর্মী ও কিশোরী মালালা ইউসুফজাইয়ের নারী শিক্ষা তহবিল।





গতকাল এক্রবার মার্কিন সংবাদ মাধ্যম জানিয়েছে, জোলি তহবিলে অনুদান দেয়ার পাশাপাশি এই তহবিল সংস্থার প্রধান হিসেবে মালালার নাম ঘোষণা করেছেন। বিভিন্ন সেবামূলক কার্যের জন্য প্রশংসিত হন জোলি।

নিউইয়র্কের 'উইমেন ইন দ্য ওয়ার্ল্ড' সম্মেলন কক্ষে হলিউড অভিনেত্রী বলেন, 'নারী শিক্ষার জন্য গঠিত এই তহবিল সংস্থার প্রধান কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন মালালা।' অন্যদিকে, জোলির এই সম্মাননা প্রদানের প্রতিক্রিয়ায় নারী শিক্ষা তহবিলের যাত্রাকে জীবনের সবচেয়ে আনন্দঘন মুহূর্ত বলে উল্লেখ করেছেন মালালা। সম্মেলনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেয়া বক্তব্যে মালালা বলেন, 'মালালা তহবিলের প্রথম অনুদান ও এর যাত্রার ঘোষণা আমার জীবনের সবচেয়ে আনন্দময় মুহূর্ত।'

মালালা বলেন, 'তহবিলকে সহযোগিতা করার জন্য আমি আপনাদের প্রতি আহ্বান জানাচ্ছি। আপনারা ৪০ জনের জন্য প্রদানকৃত অনুদানের পরিমাণকে ৪ কোটি নারী শিশুর শিক্ষার সমপরিমাণ অনুদানে পরিণত করুন।'

জানা গেছে, জোলির দেয়া তহবিল সংগঠনটির প্রথম অনুদান পাকিস্তানের ৪০ জন নারী শিক্ষার্থীর জন্য খরচ করা হবে।

নারী শিক্ষার পক্ষে জোরালো বক্তব্য রাখায় গত বছরের অক্টোবরে তালেবানদের গুলিতে মারাত্মক আহত মালালা সম্প্রতি সুস্থতা লাভ করে বার্মিংহামের স্কুলে ক্লাস করা শুরু করেন।

এছাড়া, সম্প্রতি নিজের 'স্মৃতিকথা' প্রকাশে একটি প্রকাশনা সংস্থার সঙ্গে ৩ মিলিয়ন মার্কিন ডলারের (৩০ লাখ) একটি চুক্তি স্বাক্ষর করেন।

'আই এম মালালা' শিরোনামের বইটি আগামী শরৎকালেই প্রকাশ হবে বলে আশা করা হচ্ছে। মানবাধিকার কর্মী হিসেবে এবারের নোবেল শান্তি পুরস্কারের চূড়ান্ত তালিকায় স্থান করে নিয়েছেন মালালা।